খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের গত ১৮/০৮/২০২১খ্রিঃ তারিখে ৪৬.০০.০০০০. ০৭১.২৮.০০৫.২০১২.৫২৫নং স্মারকে ছাড়পত্র মোতাবেক খুলনা সিটি কর্পোরেশনের নিম্নলিখিত শুন্য পদগুলি সরাসরি পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | শুন্য পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ১ | ২২০০০-৫৩০৬০/- | অনুর্দ্ধ ৩০ বছর | যান্ত্রিক ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে এ.এম.আই, ই.এর "এ" এবং "বি" সেকশন পাশ। |
| ২ | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ১ | ২২০০০-৫৩০৬০/- | অনুর্দ্ধ ৩০ বছর | বিদ্যুৎ ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে এ.এম.আই, ই.এর "এ" এবং "বি" সেকশন পাশ। |
| ৩ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ৫ | ১৬০০০-৩৮৬৪০/- | অনুর্দ্ধ ৩০ বছর | প্রকৌশলে ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| ৪ | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ১ | ১৬০০০-৩৮৬৪০/- | অনুর্দ্ধ ৩০ বছর | প্রকৌশলে ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| ৫ | এষ্টিমেটর | ১ | ১৬০০০-৩৮৬৪০/- | অনুর্দ্ধ ৩০ বছর | প্রকৌশলে ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সমমানের যোগ্যতা থাকিতে হইবে। |
| ৬ | ড্রাফ্টসম্যান | ১ | ১১৩০০-২৭৩০০/- | অনুর্দ্ধ ৩০ বছর | স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ড্রাফট্সম্যানশীপ পাস/ওভারশিয়ার পাস/ডিপ্লোমা/সমমানের শিক্ষাগত যোগ্যতা। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৭ | স্টোর কিপার | ১ | ৯৭০০-২৩৪৯০/- | অনুর্দ্ধ ৩০ বছর | ষ্টোর ব্যবস্থাপনা ও রক্ষনাবেক্ষনের কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ এইচ.এস.সি পাশ। |
| ৮ | ওয়ার্ক সরকার | ১২ | ৯৩০০-২২৪৯০/- | অনুর্দ্ধ ৩০ বছর | উন্নয়ন মুলক সুপারভাইজিংয়ে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৯ | সহকারী স্টোর কিপার | ৩ | ৯৩০০-২২৪৯০/- | অনুর্দ্ধ ৩০ বছর | ষ্টোর রক্ষণাবেক্ষন কাজে অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ১০ | ডুপ্লিকেটিং অপারেটর | ১ | ৮৮০০-২১৩১০/- | অনুর্দ্ধ ৩০ বছর | মাধ্যমিক সার্টিফিকেটসহ ডুপ্লিকেটিং মেশিন চালনার কাজে ০২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

অপর পাতায়

**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে আবেদনের শর্তাবলী :</u>**

(০১) প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

(০২) প্রার্থীকে স্ব-হস্তে আবেদন করতে হবে। স্ব-হস্ত ব্যতীত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। আবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্র ফেরৎ দেয়া হবে না।

(০৩) আবেদন মেয়র মহোদয়, খুলনা সিটি কর্পোরেশনকে সম্বোধন করে আগামী ১৭/১০/২০২১খ্রিঃ তারিখ হতে ১৫/১১/২০২১খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালে খুলনা সিটি কর্পোরেশন নগর ভবনের সাধারণ প্রশাসনিক শাখায় ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(০৪) পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রে বয়সসীমা ১৫/১১/২০২১খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(০৫) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি ৫ x ৫ সে.মি.আকারের রঙ্গিন ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি যুক্ত স্পষ্ট সিল থাকতে হবে।

খ. সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (মূলকপি)।

গ. সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবি যুক্ত সিল দ্বারা সত্যায়িত)।

ঘ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাম ও সিল দ্বারা চারিত্রিক সনদপত্র।

ঙ. প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বকসনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে। (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবিযুক্ত সিল দ্বারা সত্যায়িত)।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর,তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কিত বিষয়ে সনদপত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

চ. পদের নাম, জেলার নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০(দশ) টাকার ডাক টিকেট লাগানো ০১(এক)টি (১০ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি) ফেরত খাম আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করিতে হইবে।

(৭) মেয়র, খুলনা সিটি কর্পোরেশনের অনুকুলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১নং ক্রমিক হতে ২নং ক্রমিক পর্যন্ত ৫০০/-টাকা, ৩নং ক্রমিক হতে ৫নং ক্রমিক পর্যন্ত ৪০০/-টাকা, ৬নং ক্রমিক হতে ১০নং ক্রমিক পর্যন্ত ৩০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(৮) প্রার্থীকে সংশ্লিষ্ট পদের সাথে সংগতিপূর্ণ কাজের অভিজ্ঞতা থাকলে আবেদনের সাথে উক্ত অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে।

(৯) বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(১০) চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

অপর পাতায়

(১১) প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরনের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবিযুক্ত সিল দ্বারা সত্যায়িত)। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

(১২) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানের কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(১৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ে গত ০২ সেপ্টেম্বর, ২০২১খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৫৪নং স্মারকের প্রেক্ষিতে বিভিন্ন ক্যাটাগরির সরকারি চাকরিতে (বিসিএস ব্যতীত) প্রবেশকালে সর্বোচ্চ বয়সমীমা অতিক্রান্ত প্রার্থীদের আবেদনের সুযোগ করে দেয়ার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ আগস্ট, ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৩নং স্মারক পত্রের মাধ্যমে আগামী ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত প্রকাশিতব্য বিজ্ঞপ্তিতে প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ২৫-০৩-২০২০ তারিখে নির্ধারণ করা হয়েছে।

(১৪) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৫) নির্বাচিত প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

(১৬) নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

(১৭) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(১৮) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

প্রধান নির্বাহী কর্মকর্তা
(অতিরিক্ত দায়িত্ব)
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।